২.৬.১ ডিএসএল সংশ্লিষ্ট Terminology (পরিভাষা) -সমূহের বাংলা টিকা ঃ

Acronyms	Abbreviation	Notes
ডিএসএল	ডেট সারভিস লায়বিলিটিস	বাংলাদেশ সরকার নিজস্ব সম্পদ থেকে/ উন্নয়ন সহযোগীদের কাছ থেকে প্রাপ্ত প্রকল্প সাহায্য থেকে/ উভয় উৎস থেকে এডিপি'র মাধ্যমে বিভিন্ন স্বায়ত্ত্বশাসিত/ আধা- স্বায়ত্ত্বশাসিত/ স্থানীয় সরকার (স্ব-শাসিত) প্রতিষ্ঠানসমূহকে তাদের উন্নয়ন এবং অনুন্নয়ন প্রকল্পে ঋণ চুক্তির মাধ্যমে ঋণ হিসেবে অর্থায়ন করে থাকে যা চুক্তির শর্তানুসারে সুদে আসলে অথবা সুদ ব্যতীত ফেরৎযোগ্য যা এটা ডিএসএল নামে পরিচিত।
ডিসিএ	ডেভেলপম্যান্ট ক্রেডিট এগ্রিম্যান্ট/ উন্নয়ন ঋণ চুক্তি	বৈদেশিক ঋণের ক্ষেত্রে উন্নয়ন সহযোগীদের সাথে বাংলাদেশ সরকারের ঋণ সংক্রান্ত বিভিন্ন শর্তাবলী সম্বলিত যে চুক্তি স্বাক্ষরিত হয় তা ডেভেলপম্যান্ট ক্রেডিট এগ্রিম্যান্ট বা উন্নয়ন ঋণ চুক্তি নামে পরিচিত। বাংলাদেশ সরকারের পক্ষে ইআরডি এ চুক্তি সম্পাদন করে। এ চুক্তিতে ঋণের বিভিন্ন শর্তাবলী যেমন– সুদের হার, পরিশোধ পদ্ধতি, পরিশোধের সময়, গ্রেস পিরিয়ড ইত্যাদি এবং ঋণ পরিশোধ সূচি সন্নিবেশিত থাকে। অনেক সময় কী কী শর্তে ঋণ গ্রহণকারী সংস্থাকে উক্ত ঋণ দেয়া হবে তাও এ চুক্তিতে উল্লেখ থাকে।
এসএলএ	সাবসিডিয়ারী লোন এগ্রিম্যান্ট/সম্পূরক ঋণ চুক্তি	বৈদেশিক ঋণের ক্ষেত্রে ডিসিএ স্বাক্ষরের পর উন্নয়ন সহযোগীদের নিকট থেকে প্রাপ্ত প্রকল্প সাহায্য ঋণগ্রহণকারী সংস্থাকে দেয়ার সময় বাংলাদেশ সরকারের পক্ষে অর্থ বিভাগের সাথে ঋণগ্রহণকারী সংস্থার একটি চুক্তি সম্পাদিত হয় যা সম্পূরক ঋণ চুক্তি বা সাবসিডিয়ারী লোন এগ্রিম্যান্ট নামে পরিচিত। এ চুক্তিতে ঋণের বিভিন্ন শর্তাবলী যেমন– সুদের হার, পরিশোধ পদ্ধতি, পরিশোধের সময়, গ্রেস পিরিয়ড ইত্যাদি এবং ঋণ পরিশোধসূচি সন্নিবেশিত থাকে।
এলএ	লোন এগ্রিম্যান্ট/ ঋণ চুক্তি	সরকারের নিজস্ব সম্পদ থেকে স্বায়ত্বশাসিত/ আধা-স্বায়ত্বশাসিত/ স্থানীয় সরকার(স্ব-শাসিত) প্রতিষ্ঠানসমূহকে ঋণ প্রদানের সময় অর্থ বিভাগ এর সাথে ঋণ গ্রহণকারী সংস্থার যে চুক্তি সম্পাদিত হয় তা ঋণ চুক্তি বা এলএ নামে পরিচিত। এ চুক্তিতে ঋণের বিভিন্ন শর্তাবলী যেমন– সুদের হার, পরিশোধ পদ্ধতি, পরিশোধের সময়, গ্রেস পিরিয়ড ইত্যাদি এবং ঋণ পরিশোধসূচি সন্নিবেশিত থাকে।
জিও	সরকারী আদেশ	সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ অর্থ বিভাগ থেকে ক্রেডিট লাইনভিত্তিক ঋণের কিস্তির অর্থ ছাড়ের যে পত্র ইস্যু করা হয় এ ক্ষেত্রে তাকে সরকারী আদেশ বলা হয়।
আর এস	রিপেম্যান্ট সিডিউল/ পরিশোধসূচি	যে সূচি অনুসারে ঋণ গ্রহণকারী সংস্থাসমূহ সরকারকে কিস্তি ভিত্তিক সুদাসল অথবা আসলের পরিমাণ পরিশোধ করে থাকে তাকে পরিশোধ সূচি বলা হয়। এতে সকল কিস্তির নির্ধারিত তারিখসহ প্রতি কিস্তিতে প্রদেয়/ পরিশোধিতব্য অর্থের পরিমাণ উল্লেখ থাকে। বৈদেশিক ঋণের ক্ষেত্রে বাংলাদেশ সরকার পরিশোধসূচি অনুসারে উন্নয়ন সহযোগী দেশ/ সংস্থাকে ঋণের অর্থ পরিশোধ করে থাকে।
জিপি	গ্রেস পিরিয়ড	ঋণ গ্রহণের পর যে নির্ধারিত সময় পর্যন্ত আসলের কিস্তি পরিশোধ করতে হয় না সে সময়কে গ্রেস পিরিয়ড বলা হয়। অন্যকথায় ঋণ গ্রহণের পর পরিশোধের প্রথম কিস্তি আরম্ভ হওয়ার তারিখ পর্যন্ত সময়কে গ্রেস পিরিয়ড বলা হয়। এ সময়ে সুদ পুঞ্জিভূত হতে থাকে এবং ঋণের প্রথম কিস্তির সাথে এ সুদ পরিশোধ করা হয়ে থাকে।
Acronyms	Abbreviation	Notes